

# কবিতা

কবিঃ ধারাবৃষ্টি

email: [dharabristi@yahoo.com](mailto:dharabristi@yahoo.com)

## অক্ষুট শৈশব

পিঠ টনটন্ ঘাড় কনকন্ ব্যাগের ওজন ভারি,  
শৈশব দেখ গুটি সুটি দেয় নার্সারি স্কুলে পাড়ি।  
হামাগুড়ি ছেড়ে টলমল পায়ে যেই না শুরু হাঁটা,  
মাঠে বনে নয়, নিয়ম মেনে ইস্কুলে যায় পা টা।  
আকাশ থাকে উদাস চেয়ে বাতাস কেঁদে কয়,  
খেলার সাথী আর পাব না, তারা যে স্কুল বয়।  
পড়তে বসে জানলা পথে চোখ যদি যায় চলে,  
অমনি সবার চোখ রাঙানি দসি় ছেলে বলে।

আকাশ ডাকে বাতাস ডাকে, ডাকে আরো কারা,  
ডাক যদি দেয় থামিয়ে ওরা না পেয়ে মোর সাড়া।  
একলা আমার সাথী হবে বইয়ের খোলা পাতা,  
তুমি ও যদি না বোঝ মা বুঝবে কে এ ব্যথা।  
তালদিঘি তে নাচছে দেখ কেয়া পাতার ভেলা,

মনের পটে ভাসছে না তো, তোমার ছেলে বেলা?

চাইনা বিত্ত চাইনা অর্থ, সম্মান বৈভব,

দিতে যদি চাও, দাও ফিরিয়ে আমার শৈশব।।